

আয়ুর্বেদিক মেডিসিন এসোসিয়েশনের নির্বাচন ১২ নভেম্বর

■ ইত্তেফাক রিপোর্ট

বাংলাদেশ আয়ুর্বেদিক মেডিসিন
অ্যান্ড ফার্মাসিউটিক্যাল এসোসিয়েশনের
(বামনা) দ্বিবার্ষিক নির্বাচন ১২ নভেম্বর
অনুষ্ঠিত হবে। রাজধানীর বিভিন্ন স্থানে
এসোসিয়েশনের কার্যালয়ে দেশের ৯৬টি
ওষুধ কোম্পানির মালিকদের এ নির্বাচন
হবে। সাবেক মন্ত্রী এএফএম ফখরুল
ইসলাম মুন্সীর নেতৃত্বে সম্মিলিত
আয়ুর্বেদিক একাজেট এবং সেলিম মোঃ
শাহজাহানের নেতৃত্বে অপর একটি গ্রুপ
নির্বাচনে অংশ নিচ্ছে। সম্মিলিত
আয়ুর্বেদিক একাজেটের প্যানেল উর্ধ্বতন
সহ-সভাপতি পদে এসবি ল্যাবরেটরিজের
শিবরত্ন রায় সহ-সভাপতি পদে
কুণ্ডেশ্বরী ওষুধালয়ের প্রফুল্ল চন্দ্র সিংহ ও
ইমপেক্স ফার্মাসিউটিকেলের মোঃ
তোফাজ্জল হোসেন এবং সাধারণ
সম্পাদক পদে মোস্তফা নওশাদ জারী
প্রতিদ্বন্দ্বিতা করছেন।